গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
(রাজস্ব শাখা)
www.dckushtia.gov.bd

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩.০৬.২০০৯ খ্রিঃ তারিখের ভূঃমঃ/শা-৭/বিবিধ(জল)/০২/২০০৯-১৯১ ও ২৫/০২/২০২৪ খ্রি. তারিখের সায়রাত-১ অধিশাখার ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪-৩৬১ স্মারক এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯-এর গেজেট মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্ন তপশীল বর্ণিত জলমহালগুলো ১৪৩১ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ১৪৩৩ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রে উল্লিখিত শর্ত সাপেক্ষে শুধু অনুমোদিত মৎস্যজীবী সমবায় সমিতির তালিকাভুক্ত ব্যক্তিগণ জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা) কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়া হতে অফিস চলাকালীন সময় দরপত্র ফরম ক্রয় এবং দরপত্র দাখিল করতে পারবেন। টেন্ডার পত্রের সাথে উদ্ধৃত দরের ২০% জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, কুষ্টিয়া-এর অনুকূলে দাখিল করতে হবে। দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্র ফরমের সাথে সংযুক্ত থাকবে। প্রয়োজনীয় তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা থেকে জানা যাবে।

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম ও আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য (এক বছরের) | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুষ্টিয়া সদর | হাসাদহ জলমহাল (আয়তন-২০.০৩ একর) | ৩০,০৪৫/- | ১ম পর্যায় ১৮.০৩.২০২৪ হতে ২৭.০৩.২০২৪ | ১ম পর্যায় ২৮.০৩.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত। | ১ম পর্যায় ২৮.০৩.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ২ | =ঐ= | নৃসিংদহ জলমহাল (পূর্ব আব্দালপুর) (আয়তন-৫৫.৮৩ একর) | ৮৩,৭৪৫/- | | | |
| ৩ | =ঐ= | পাহাড়পুর-হরিনারায়নপুর জলকর (পাহাড়পুর হতে হরিনারায়ণপুর) আয়তন- ৪৪.০২ একর | ৪৫,১৫০/- | | | |
| ৪ | কুমারখালী | ডাকুয়া জলকর (হাউসখাল হতে সাজিপাড়া) আয়তন-২০.৪০ একর | ১,৮৭,৯৫০/- | | | |
| ৫ | =ঐ= | ডাকুয়া জলমহাল, (নাতুড়িয়া হতে হাউস খাল) আয়তন- ২১.৮২একর | ৪,২০,৫২৫/- | | | |
| ৬ | =ঐ= | ডাকুয়া জলমহাল (মধুপুর হাট হতে নাতুড়িয়া) আয়তন- ৩৩.৬০একর | ১০,২০,১৮০/- | | | |
| ৭ | =ঐ= | ডাকুয়া জলমহাল(ধর্মপাড়া ক্যানেল হতে মধুপুর হাট) আয়তন - **২৩.৬০ একর।** | ৬,৬৯,৯০০/- | ২য় পর্যায় ০২.০৪.২০২৪ হতে ০৯.০৪.২০২৪ | ২য় পর্যায় ১৫.০৪.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত। | ২য় পর্যায় ১৫.০৪.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ৮ | মিরপুর | মালিহাদ- গোপিনাথপুর জলকর (মালিহাদ হতে গোপিনাথপুর) আয়তন-৬০.০৯ একর | ৯৪,৫০০/- | | | |
| ৯ | =ঐ= | বিল আমলা জল কর, আয়তন -৪৩.১৭ একর | ৬৪,৭৫৫/- | | | |
| ১০ | =ঐ= | শিমুলিয়া, চুনিয়াপাড়া, কলাবাড়ীয়া জলকর,আয়তন- ২২.১২ একর। | ৩৩,১৮০/- | | | |
| ১১ | =ঐ= | সাগরখালী জলকর, আয়তন -২৩.০০ একর | ৩৪,৫০০/- | | | |
| ১২ | =ঐ= | মাজিহাট জলকর, আয়তন - ৪৩.১৭ একর। | ৬৪,৭৫৫/- | ৩য় পর্যায় ১৬.০৪.২০২৪ হতে ২১.০৪.২০২৪ | ৩য় পর্যায় ২২.০৪.২০২৪ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত। | ৩য় পর্যায় ২২.০৪.২০২৪ বিকাল ৩.০০ টা |
| ১৩ | =ঐ= | ঝুটিয়াডাঙ্গা-পাংগাসিয়া জলমহাল- ৪৩.১০ একর | ১৪,৩৮,৫০০/- | | | |
| ১৪ | দৌলতপুর | জগন্নাথপুরদহ (হরিবল্লভপুর), আয়তন-২০.৬৯ একর | ২,৭৩,০০০/- | | | |
| ১৫ | =ঐ= | হিসনা জলমহাল(চরহোগলবাড়িয়া মৌজার ১৮৯৬ দাগের জলকর), আয়তন-২১.০০ এঃ | ৪৪,১০০/- | | | |
| ১৬ | =ঐ= | হিসনা জলমহাল (চর হোগলবাড়ীয়া শিরনীতলা বাঁধহতে চরদিয়াড় রাস্তার বাঁধ) আয়তন-২৭.৪০ একর | ২৬,২৫০/- | | | |
| ১৭ | ভেড়ামারা | সাতবাড়ীয়া মৌজার ১৭৪৩ ও ১৯০০ দাগের জলকর, আয়তন - ২৬.৬৬ একর। | ১,৪১,৭৫০/- | | | |
| ১৮ | =ঐ= | চন্দনা জলমহাল ,আয়তন-২৪.৯০ একর | ২,৭৮,২৫০/- | | | |

বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য অত্র কার্যালয়ের রাজস্ব শাখা হতে অফিস চলাকালিন সময় জানা যাবে। জলমহাল ইজারা সংক্রান্ত জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে ইজারার অর্থ জমা নেওয়া হবে।

মোঃ এহেতেশাম রেজা
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া
www.dckushtia.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)।
www.dckushtia.gov.bd

স্মারক নম্বর :০৫.৪৪.৫০০০.০০৫.০৫.০২৭.২৩- ২৪০ তারিখ : ৬৩ ফাল্গুন ১৪৩০ / ১৪ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক,...................।
০৫। পুলিশ সুপার, কুষ্টিয়া।
০৬। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা।
০৭। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৯। জেলা মৎস্য কর্মকর্তা/সমবায় কর্মকর্তা, কুষ্টিয়া।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশলী, কুষ্টিয়া।
১১। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী ও খোকসা, কুষ্টিয়া
১২। সহকারী কমিশনার (ভূমি),কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী ও খোকসা, কুষ্টিয়া।
১৩। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া-[অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া- [অত্র ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ------------------------------(সংশ্লিষ্ট জলমহালভুক্ত এলাকা)।
১৭। সম্পাদক, --------------------------------- (------------------------ খ্রি, তারিখে) স্বল্প পরিসরে (৩ কলামে × ১৩´) জলমহাল দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড।

২৪/০৩/২০২৪
রেকসোনা খাতুন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭

## জলমহাল ইজারার আবেদনের শর্তাবলী :

০১। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়ায় পাওয়া যাবে।

০২। দরপত্রের সাথে ৫০০/-(পাঁচশত) টাকা দরপত্র ফি (অফেরতযোগ্য) কুষ্টিয়া জেলার যে কোন তপশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া-এর অনুকূলে জমা দিতে হবে।

০৩। দরপত্রের সহিত উদ্বৃত্ত দরের ২০% হারে জামানত কুষ্টিয়া জেলার যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, কুষ্টিয়া-এর অনুকূলে জমা দিতে হবে।

০৪। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র বিক্রি করা হবে না।

০৫। নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ের এস এ শাখা, কুষ্টিয়া, পুলিশ সুপারের কার্যালয়,কুষ্টিয়া এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে আবেদনপত্র গ্রহণ করা হবে।

০৬। ঘষামাজা ও ত্রুটিপূর্ণ কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৭। **জলমহাল ইজারার সিদ্ধান্ত হওয়ার পর ইজারা গ্রহীতা ৭(সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর এবং সরকার নির্ধারিত অন্যান্য করসহ) সরকারের অনুকূলে জমা প্রদান করতে হবে এবং তা ১৪৩১ বঙ্গাব্দর ০১ বৈশাখ হতে ১৪৩৩ বঙ্গাব্দের ৩০ শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে (বছর ওয়ারী লিজ মানি পরিশোধ সাপেক্ষে)।**

০৮। **ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।**

০৯। **জলমহাল ইজারা সংক্রান্ত জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কুষ্টিয়া প্রাপ্ত দরপত্র যাচাই-বাছাই ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক জলমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত আবেদনকারীর অনুকূলে নির্ধারিত মূল্যে ইজারা বন্দোবস্ত প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।**

১০। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ইজারা সংক্রান্ত বিষয় চূড়ান্ত করে ইজারা বন্দোবস্ত দিবেন এবং ইজারা গ্রহিতাকে কর্তৃপক্ষের সঙ্গে লিজ চুক্তি সম্পাদন করতে হবে।

১১। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে।

১২। ইজারাদার কোন অবস্থাতেই জলমহালের কোন অংশ সাব-লিজ দিতে পারবেন না। সাব-লিজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। **দরপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিন দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে আপত্তি উত্থাপন করলে তা বিবেচনায় নেয়া হবে না।**

১৪। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বোচ্চ দরপত্র রিজার্ভ রেখে পুনরায় দরপত্র আহবান করতে পারবে।

১৫। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে সরকারি পাওনা পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করাহবে।

১৬। ইজারার অর্থ পরিশোধের পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা গ্রহীতা চুক্তিপত্র সম্পাদন করবেন। অতঃপর জলমহালের দখল বুঝিয়ে দেওয়া হবে।

১৭। সর্বোচ্চ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে তাদের মধ্যে হতে একজন কে নির্বাচন করে জলমহাল ইজারা প্রদান করা হবে।

১৮। ইজারা তালিকাভুক্ত জলমহাল সংক্রান্ত আদালত থেকে কোন নির্দেশনা পাওয়া গেলে সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় অত্র কার্যক্রমের যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন/ পরিবর্ধন/ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণসহ ইজারা বন্দোবস্তের আবেদন মঞ্জুর/ না-মঞ্জুর/ বাতিলের সুপারিশ/ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/০৬/২০২৪

রেকসোনা খাতুন
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া।
ফোন ঃ ০২৪৭৭৭৮২৬৭৭